দৈনিক ইত্তেফাক

22/9/2004

তারিখ ............
পৃষ্ঠা ..৬.. কলাম ..২..

# ভিসি-প্রক্টরের পদত্যাগ ও ছাত্র ধর্মঘটের পক্ষে-বিপক্ষে ক্যাম্পাসে মিছিল-সমাবেশ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভিসি ও প্রক্টরের পদত্যাগ দাবিতে ছাত্রদল ও ছাত্র ধর্মঘটের দাবিতে কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্রঐক্য এবং হরতালের বিপক্ষে ছাত্রলীগ মিছিল, সমাবেশ করে।

কলাভবন বটতলায় সহ-সভাপতি মঞ্জুরে এলাহীর সভাপতিত্বে অনুষ্ঠিত ছাত্রদলের সমাবেশে বলা হয়, প্রাচ্যের অক্সফোর্ড ঢাকা বিশ্ববিদ্যালয় আজ হইয়াছে ফেনসিডিল ব্যবসায়ীদের আড্ডাখানা, শিশু অপহরণকারীদের আস্তানা, সন্ত্রাসীদের অভয়ারণ্য। এই সকল অপকর্মের মূল হোতা ভিসি। গতকাল বিকালে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরীর সামনে ছাত্রদলের টুকু গ্রুপের কর্মীদের সহিত আশরাফ বাবু, সুমন, ফরহাদের হাতাহাতি হয়। ঘটনার পূর্বে আশরাফ বাবু শাহবাগ মোড়ে গেলে টুকু গ্রুপের নাসির সাইক্লোন তাহাকে মারপিট করে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে গণতান্ত্রিক ছাত্রঐক্য আহূত ছাত্র ধর্মঘটের সমর্থনে গতকাল তাহারা ক্যাম্পাসে মিছিল, সমাবেশ করে। হলসমূহে দখলদারিত্বের অবসান, অবৈধ অস্ত্র উদ্ধার ও প্রশাসনের নির্দলীয় ভূমিকা নিশ্চিত করার দাবিতে এই ধর্মঘট আহ্বান করা হয়। ক্যাম্পাসে মিছিল শেষে কলাভবনের সামনে সমাবেশ অনুষ্ঠিত হয়। মাহমুদুর রহমান মামুন, মুশফিকুর রহমান টুকু, রফিক উদ্দিন প্রমুখ বক্তব্য রাখেন।

ছাত্র ধর্মঘটের বিপক্ষে ছাত্রলীগ গতকাল ক্যাম্পাসে মিছিল করে। মিছিলশেষে সভাপতি বাহাদুর বেপারীর সভাপতিত্বে সমাবেশ অনুষ্ঠিত হয়। বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক অজয় কর খোকন, বেগ শাহীন জাহান, একেএম আজিম প্রমুখ। তাহারা শিক্ষাঙ্গনকে ধ্বংসের যেকোন ষড়যন্ত্র মোকাবিলায় প্রস্তুত থাকার জন্য ছাত্র